

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪১৬

২৩. কুরআনের ফয়েলত অধ্যায় (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ১৩. সূরা বাকারার ফয়েলত

بَابِ فِي فَضْلِ سُورَةِ الْبَقَرَةِ

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ عَاصِمٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَاصِمٍ عَنْ أَبِي الْأَحْوَصِ عَنْ عَبْدِ اللَّهِ أَكْنَهُ قَالَ إِنَّ لِكُلِّ شَيْءٍ سَنَامًا وَإِنَّ سَنَامَ الْقُرْآنِ سُورَةُ الْبَقَرَةِ وَإِنَّ لِكُلِّ شَيْءٍ لُبَابًا وَإِنَّ لُبَابَ الْقُرْآنِ الْمُفْصَلُ قَالَ أَبُو مُحَمَّدٍ الْلَّبَابُ الْخَالِصُ

বাংলা

৩৪১৬. আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, প্রত্যেক বস্তুর চুড়া থাকে; আর কুরআনের চুড়া হলো সূরা বাকারাহ। আবার প্রত্যেক বস্তুর মজ্জা বা শ্রেষ্ঠ অংশ থাকে; কুরআনের মজ্জা বা শ্রেষ্ঠ অংশ হলো মুফাস্সাল সূরাহ সমূহ। (সুরাহ হজুরাত হতে শেষ পর্যন্ত) [1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান আসিম ইবনু আবীন নুজুদের কারণে। আর এটি ইবনু মাসউদের উপর মাওকুফ (তার বক্তব্য)।

তাখরীজ: ইবনু যরীস, ফাযাইলুল কুরআন নং ১৭৮; তাবারাণী, কাবীর ৯/১৩৮ নং ৮৬৪৪; হাকিম নং ২০৬০; বাইহাকী, শুয়াবুল ঈমান নং ২৩৭৬ মাওকুফ হিসেবে।

মারফু' হিসেবে হাকিম নং ২০৬০; বাইহাকী, শুয়াবুল ঈমান নং ২৩৭৭ হাসান সনদে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরাক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আব্দুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83701>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন